

সংবাদ

www.sangbad.com.bd

সংবাদ, ২০১৯-০১-৩১, পৃঃ ২ ও ১৬

শিক্ষার্থীদের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী
দেশপ্রেম হোক
পথচলার নিয়ামক

নিজস্ব বার্তা পরিবেশক

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের নবীন গ্রাজুয়েটদের উদ্দেশ্যে বলেছেন, নীতি-নৈতিকতা, দায়িত্বশীলতা, কর্মনৈপুণ্য, পেশাদারিত্ব এবং দেশপ্রেম হোক ভবিষ্যৎ বাংলাদেশের পথচলার নিয়ামক। দেশপ্রেমের চেতনায় শিক্ষার্থীদের নিজ নিজ দায়িত্ব সঠিকভাবে পালনের আহ্বান জানান তিনি। গতকাল সকালে রাজধানীর রামপুরায় আফতাবনগরে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিশ্ববিদ্যালয়ের ১৮তম সমাবর্তনে তিনি এসব কথা বলেন। রাষ্ট্রপতির প্রতিনিধি হিসেবে এ সমাবর্তনে অংশ হোক : পৃষ্ঠা : ২ ক : ৪



গতকাল ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে গ্রাজুয়েটদের সঙ্গে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী

-সংবাদ

হোক : পথচলার
(১৬ পৃষ্ঠার পর)

নের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী। এবারের ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে আভার গ্রাজুয়েট ও গ্রাজুয়েট প্রোগ্রামের ২০৭৩ জন শিক্ষার্থীকে সনদ দেয়া হয়। এছাড়া অনন্য মেধাবী আটজন শিক্ষার্থীকে দেয়া হয় স্বর্ণ পদক।

সমাবর্তন বক্তা, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. ইয়াসমিন হক বলেন, বাংলাদেশ এখন সম্ভাবনার দেশে পরিণত হচ্ছে। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান।

